● দৈনিক ইত্তেফাক

তারিখ ... 08 OCT 199[illegible] ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...


৪

## প্রাথমিক শিক্ষা কমিটির ব্যর্থতার জন্য অর্থদণ্ডের বিধান


।। মাইনুল হাসান ।।


আগামী ১লা জানুয়ারী হইতে দেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন কার্যকরী হইবে। এই আইনের অধীনে প্রতিটি ইউনিয়ন/


(২য় পৃঃ দ্রঃ)


## প্রাথমিক শিক্ষা কমিটি


(১ম পৃঃ পর)


ওয়ার্ডে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কমিটি গঠিত হইতেছে। কমিটি উহার এলাকায় প্রত্যেক শিশুর প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও হাজিরা নিশ্চিত, ভর্তি-যোগ্য ও ভর্তি হইতে অব্যাহতি পাওয়ার যোগ্য শিশুদের পৃথক তালিকা প্রণয়ন করিবে। কোনও কমিটি উহার দায়িত্ব পালনে ব্যর্থ হইলে কমিটির প্রত্যেক সদস্য অনধিক দুইশত টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন। একইভাবে কোন অভিভাবক তাঁহার শিশুকে বিদ্যালয়ে ভর্তি না করাইলে অথবা শিশু বিনা অনুমতিতে মাসের মধ্যে অন্ততঃ সাতদিন অনুপস্থিত থাকিলে কমিটি ঐ অভিভাবককে শিশু ভর্তি করাইবার অথবা তাহার উপস্থিতি নিশ্চিত করিবার নির্দেশদানের পরও অভিভাবক পর পর তিনবার ঐ নির্দেশ পালনে ব্যর্থ হইলে তাহাকে অনধিক দুইশত টাকা অর্থদণ্ডে দণ্ডিত করা হইবে। তবে কমিটির চেয়ারম্যানের লিখিত অভিযোগ ছাড়া কোন আদালত এই আইনের অধীনে কোন অপরাধ বিচারের জন্য গ্রহণ করিতে পারিবেন না।